



- যুব মেলায় বিআরডিবি'র স্টলে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা
- বিআরডিবি'র কার্যক্রম অবহিতকরণ সভায় মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব





- গ্রামবাসীদের অংশীদারিত্বের ভিত্তিতে নির্মিত ক্ষুদ্র অবকাঠামো পরিদর্শন করছেন মাননীয় প্রতিমন্ত্রী ও মহাপরিচালক
- পল্লী উন্নয়নে বিশেষ অবদানের জন্য মহাপরিচালক জনাব মোঃ আব্দুল জলিল মিঞা বিশেষ সম্মননা পদক গ্রহণ করছেন





- গ্রামবাসীদের চাহিদাভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম
- রাজবাড়ী জেলার সদর উপজেলার শহীদ ওহাবপুর ইউনিয়নের ভার্মি কম্পোস্ট সার তৈরী প্রকল্প





- শতরঞ্জি তৈরিতে ব্যস্ত, পীরগঞ্জ, রংপুর।
- ডিজিটাল ওয়ার্ল্ড ফেয়ার-২০১৪ এ বিআরডিবি'র স্টল পরিদর্শনে তৎকালিন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচিব জনাব মো. নজরুল ইসলাম খান


**বিআরডিবি'র প্রধান কার্যালয়ের টেলিফোন, ফ্যাক্স ও ই-মেইল:**

পিএবিএক্স: ৮১৮০০৩০-৩৪
ফ্যাক্স: ৮১৮০০০৩
ই-মেইল: info@brdb.gov.bd
ওয়েবসাইট: www.brdb.gov.bd

**তথ্য কর্মকর্তা:**

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)
ফোন: ৮১৮০০১৮
ই-মেইল: ddprc@brdb.gov.bd


**বিআরডিবি'র সেবা প্রাপ্তির বিষয়ে যোগাযোগ:**

- জেলা পর্যায়: উপপরিচালকের কার্যালয়, বিআরডিবি
- উপজেলা পর্যায়: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বিআরডিবি


স্ক্রিপ্ট সরবরাহ: মনিটরিং শাখা
প্রকাশনায়: প্রোগ্রামিং শাখা
পরিকল্পনা, মূল্যায়ন ও পরিবীক্ষণ বিভাগ
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫

জানুয়ারি ২০১৫


# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

## পল্লী উন্নয়নে সোনালী সোপান



## পটভূমি

ষাটের দশকে ড. আখতার হামিদ খান উদ্ভাবিত দ্বি-স্তর সমবায় পদ্ধতির বাস্তবায়নের লক্ষ্যে শুরু হয় সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচি বা আইআরডিপি। স্বাধীনতাত্তোর বাংলাদেশে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রত্যক্ষ দিক-নির্দেশনায় একমাত্র পল্লী উন্নয়ন কার্যক্রম হিসেবে আইআরডিপি দেশব্যাপী বিস্তার লাভ করে। এ সাফল্যকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার লক্ষ্যে ১৯৮২ সালে এক অধ্যাদেশ বলে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর আত্মপ্রকাশ ঘটে। বোর্ডের ২১ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদের সভাপতি মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

## বিআরডিবি'র ভিশন

দারিদ্রমুক্ত আত্মনির্ভরশীল পল্লী বাংলাদেশ।

## বিআরডিবি'র মিশন

- দ্বি-স্তর সমবায়ের মাধ্যমে কৃষি উন্নয়ন
- স্থানীয় উন্নয়নে পল্লীর জনগণের সক্ষমতা বৃদ্ধি
- পল্লী জনগোষ্ঠীকে দক্ষ মানব সম্পদে রূপান্তর
- স্থানীয় সম্পদ ব্যবস্থাপনা ও পল্লী অর্থনীতিতে আর্থিক প্রবাহ সৃষ্টি
- নেতৃত্বের বিকাশ ও নারীর ক্ষমতায়ন
- দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নসহ পল্লী জনপদের সামগ্রিক উন্নয়ন।

## অভীষ্ট জনগোষ্ঠী

দেশের সকল উপজেলাধীন পল্লী অঞ্চলে স্থায়ীভাবে বসবাসকারী বিভিন্ন শ্রেণী-পেশার জনগণ; যেমন- ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক, বর্গাচাষি, বিত্তহীন জনগোষ্ঠী, দুঃস্থ ও অসহায় মহিলা, অস্বচ্ছল মুক্তিযোদ্ধা, বিশেষায়িত অঞ্চলের পশ্চাৎপদ জনগোষ্ঠী ইত্যাদি।

## বিআরডিবি'র কর্মকাণ্ড


- আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক মানব সংগঠন সৃষ্টি
- মানবিক ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ
- সম্প্রসারণ ব্যবস্থাপনার মাধ্যমে প্রযুক্তি হস্তান্তর
- উপকারভোগীদের মূলধন সৃষ্টি ও এর ব্যবস্থাপনা
- কৃষি ও ক্ষুদ্রঋণ বিতরণ ও এর ব্যবস্থাপনা
- প্রশিক্ষণোত্তর সহায়তা প্রদান
- কৃষি ও সেচ সম্প্রসারণ
- উৎপাদিত পণ্য সংরক্ষণ ও বাজারজাতকরণ
- স্থানীয় উদ্যোগকে উৎসাহ ও সহায়তা দান
- সচেতনতা বৃদ্ধি ও পরামর্শ সেবা কার্যক্রম
- বিভিন্ন অংশীজনদের (Stakeholder) মাঝে সমন্বয় সাধন
- স্থানীয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদান
- অংশীদারিত্বের ভিত্তিতে ক্ষুদ্র স্কীম বাস্তবায়ন
- বিভিন্ন সেবা প্রদান কার্যক্রমের ডিজিটালাইজেশান।

## চলমান উন্নয়ন প্রকল্প

- অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-২য় পর্যায়
- পল্লী জীবিকায়ন প্রকল্প-২য় পর্যায়
- দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
- অপ্রধান শস্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ কর্মসূচি-২য় পর্যায়
- ইনিশিয়েটিভ ফর ডেভেলপমেন্ট, এমপাওয়ারমেন্ট, এ্যাওয়ারনেস্ এন্ড লাইভলিহুড প্রজেক্ট, কুড়িগ্রাম
- সেচ সম্প্রসারণ কর্মসূচি
- উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচি-২য় পর্যায়।

## বিআরডিবি উদ্ভাবিত মডেল

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড ও জাপান আর্ন্তজাতিক সহযোগী সংস্থা (JICA) এর সহায়তায় উদ্ভাবিত পল্লী উন্নয়নের একটি টেকসই মডেল হচ্ছে লিংক মডেল। এ মডেলের অনুসৃত কর্মকৌশল হচ্ছে- উপজেলা, ইউনিয়ন ও গ্রামের মধ্যে রৈখিক (vertical) যোগাযোগ এবং ইউনিয়ন পরিষদ সদস্য, গ্রাম কমিটির প্রতিনিধি, জাতিগঠনমূলক বিভাগ ও জনপ্রতিনিধিগণের মধ্যে সমান্তরাল (horizontal) যোগাযোগ, সমন্বয় ও তথ্য প্রবাহ সৃষ্টি।




লিংক মডেল বাস্তবায়নের পূর্বে জাতিগঠনমূলক প্রতিষ্ঠানের সেবা প্রদান কার্যক্রম ছিল বিক্ষিপ্ত ও সেবা গ্রহণের জন্য জনগণকে প্রত্যেক সেবা প্রতিষ্ঠানের সাথে নিজ উদ্যোগে যোগাযোগ করতে হতো। লিংক মডেল বাস্তবায়নের ফলে গ্রাম কমিটি ও ইউনিয়ন সমন্বয় কমিটির মাধ্যমে জাতিগঠনমূলক প্রতিষ্ঠানসমূহ সুসংগঠিতভাবে গ্রামের জনগণকে সেবা প্রদান করছে।

## প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ

- বাংলাদেশ পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিআরডিটিআই), সিলেট
- নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র (এনআরডিটিসি), নোয়াখালী
- টাঙ্গাইল মহিলা উন্নয়ন প্রশিক্ষণ ইনস্টিটিউট, টাঙ্গাইল।

## সফলতা/স্বীকৃতি

- বিআইডিএস এর মূল্যায়ন (২০১০) অনুযায়ী দেশের জিডিপিতে বিআরডিবি'র অবদান ১.৯৩ শতাংশ
- পল্লী উন্নয়নে বিশেষ অবদানের জন্য ডিসেম্বর ২০১৪ এ জাতীয় সমন্বিত উন্নয়ন ফাউন্ডেশন থেকে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এবং বিআরডিবি'র মহাপরিচালক জনাব মোঃ আব্দুল জলিল মিঞা'র বিশেষ সম্মাননা পদক অর্জন।